# উইন্ডোজ ১০ নেটওয়ার্কিং ডোমেইন ও বিজনেস নেটওয়ার্কে যুক্ত হওয়া

কে এম আলী রেজা

একটি ডোমেইনভিত্তিক নেটওয়ার্কের বেলায় একটি একক কমপিউটার সম্পূর্ণ নেটওয়ার্কের কেন্দ্রীভূত প্রশাসন পরিচালনা করে এবং এই কমপিউটারকে বলা হয় সার্ভার। ডোমেইনে একটি একক ব্যবহারকারী নেটওয়ার্কভুক্ত যেকোনো কমপিউটার থেকে তার জন্য নির্ধারিত এবং অনুমোদিত পাসওয়ার্ড ব্যবহার করে লগইন করার সুযোগ পেয়ে থাকে। ব্যবহারকারীরা উপযুক্ত অনুমতি আছে এমন রিসোর্স যেকোনো কমপিউটার থেকে অ্যাক্সেস করতে সক্ষম হন। উইন্ডোজ ১০ নেটওয়ার্কিংয়ের ক্ষেত্রে কোনো কমপিউটার বা হোস্টকে ডোমেইনে যুক্ত করা বা ডোমেইন থেকে বিচ্ছিন্ন হওয়ার বিভিন্ন প্রক্রিয়া এখানে তুলে ধরা হলো।

## একটি উইন্ডোজ ১০ পিসিকে কীভাবে একটি ডোমেইনে যুক্ত করবেন?

একটি ডোমেইনে যোগদান করতে আপনাকে প্রথমে নিশ্চিত করতে হবে আপনি নিম্নলিখিত তথ্য ও রিসোর্স সম্পর্কে অবগত আছেন।

- ডোমেইনে ব্যবহারকারীর অ্যাকাউন্ট জানতে হবে, এই তথ্য আপনি নেটওয়ার্ক প্রশাসক থেকে পেতে পারেন।
- ডোমেইনের নাম।
- কমপিউটারে রান করতে হবে উইন্ডোজ ১০ প্রো বা এন্টারপ্রাইজ/শিক্ষা সংস্করণ।
- ডোমেইন কন্ট্রোলারে উইন্ডোজ সার্ভার ২০০৩ বা তার পরবর্তী ভার্সন চলমান থাকা আবশ্যক।
- মনে রাখতে হবে, উইন্ডোজ ১০ উইন্ডোজ ২০০০ সার্ভারভিত্তিক ডোমেইন কন্ট্রোলার সমর্থন করে না।

## ডোমেইনে যুক্ত হওয়ার ধাপ



*উইন্ডোজ ১০-এর সেটিং উইন্ডো*

ক. উইন্ডোজ ১০ পিসির Settings → System → About থেকে Join a domain সিলেক্ট করুন।



*উইন্ডোজ ১০-এ একজন ইউজার সার্ভার ডোমেইনে যুক্ত হচ্ছে*

খ. এবার ডোমেইন নেম এন্ট্রি দিয়ে Next বাটনে ক্লিক করে ডোমেইনের যথাযথ তথ্য এন্ট্রি দিতে হবে। এ ব্যাপারে কোনো সন্দেহ থাকলে নেটওয়ার্ক অ্যাডমিনিস্ট্রেটরের সাথে যোগাযোগ করুন।

গ. ডোমেইনে লগইন করার জন্য আপনার অথেনটিকেশন বা অ্যাকাউন্ট সংবলিত তথ্য এন্ট্রি দিন। এসব তথ্যের ভিত্তিতে আপনাকে ডোমেইনে প্রবেশের সুযোগ দেয়া হবে। এরপর Ok বাটনে ক্লিক করুন।



*ডোমেইন অথেনটিকেশন তথ্য এন্ট্রি দেয়া হচ্ছে*

ঘ. এই পর্যায়ে আপনাকে কিছুক্ষণ অপেক্ষা করতে হবে। কারণ, ডোমেইনে ইউজারকে অথেনটিকেট হতে কিছুটা সময়ের প্রয়োজন হবে।

ঙ. স্ক্রিনটি সচল হলে Next বাটনে ক্লিক করুন।




*ডোমেইনে ইউজার অ্যাকাউন্ট যুক্ত করা হয়েছে*

চ. এই পর্যায়ে প্রক্রিয়াটি পুরোপুরি সম্পন্ন করতে কমপিউটার আবার চালু করতে হবে।

ছ. সাইন-ইন স্ক্রিন সামনে এলে লক্ষ করবেন, DOMAIN\User অ্যাকাউন্ট দেখানো হচ্ছে। আপনার পাসওয়ার্ড এন্ট্রি দিলে ডোমেইনে লগইন করতে সক্ষম হবেন।

ছ. আপনি লক্ষ করবেন যখনই ডোমেইনে লগইন করেছেন বা যুক্ত হয়েছেন, তখন সিস্টেম সেটিংয়ের আওতায় About setting-এর অপশনগুলো আর থাকবে না। ডোমেইনে যুক্ত হওয়ার আগে এ অপশনগুলো সক্রিয় ছিল এবং তা




*ডোমেইনে ইউজারের যুক্ত হওয়ার বিষয়টি কার্যকর করার জন্য কমপিউটার আবার চালু করা হচ্ছে*

আপনার পছন্দমতো পরিবর্তন করতে সক্ষম হবেন। অপশনগুলো নিষ্ক্রিয় হওয়া মানে আপনি ডোমেইনে যুক্ত হয়েছেন।

## ডোমেইন থেকে বের হয়ে আসা এবং লোকাল অ্যাকাউন্টে লগইন করা

প্রয়োজনে আপনাকে ডোমেইন ছেড়ে স্থানীয় অ্যাকাউন্টে লগইন করতে হবে, তবে খুব সহজেই এটি করতে পারেন। স্থানীয় অ্যাকাউন্টে লগইন করুন। মনে রাখবেন, এ অবস্থায় আপনার কমপিউটার ইতোমধ্যে একটি ডোমেইনে যোগদান করেছে। সাইন ইন স্ক্রিনে আপনার মেশিন থেকে সাইন আউট করুন। এবার নির্বাচন করুন Other user।




*সাইন আউট করার পর Other user হিসেবে দেখাবে*

এবার কমপিউটারের নাম, তারপর ব্যাকস্ল্যাশ চিহ্ন এবং এরপর লোকাল ইউজার অ্যাকাউন্ট এন্ট্রি দিন, যা চিত্রে দেখানো হয়েছে।


ডোমেইন ছাড়ার জন্য লোকাল অ্যাকাউন্টে সাইন ইন করে Start → Settings → System → About-এ ক্লিক করুন। এরপর organization থেকে Disconnect সিলেক্ট করুন।

এখানে লক্ষ করুন- আপনি যখনই একটি ডোমেইনে যোগদান করেছেন, তখন প্রথমবার লগইন করার সময় আপনাকে পাসওয়ার্ড পরিবর্তন করতে হতে পারে। নির্দেশনা মতে আপনাকে এ ক্ষেত্রে ব্যবস্থা নিতে হবে।

## লোকাল নেটওয়ার্কের মাধ্যমে উইন্ডোজ আপডেট ডেলিভারি অপটিমাইজেশন

উইন্ডোজ ১০ অপারেটিং সিস্টেম উইন্ডোজ আপডেট করার একটি বর্ধিত সুবিধা প্রবর্তন করেছে। এর ফলে উইন্ডোজ আপডেট আপনার স্থানীয় নেটওয়ার্কের আওতাভুক্ত একটি পিসি থেকে আপডেট ডাউনলোড করা যাবে, যা অনেকটা পিয়ার টু পিয়ার নেটওয়ার্কের আদলে। একে উইন্ডোজ আপডেট ডেলিভারি অপটিমাইজেশন (WUDO) বলা হয়। যেখানে আপনি একটি মিটার সংযোগ ব্যবহার করছেন এবং নেটওয়ার্কে উইন্ডোজ ১০ চলমান রয়েছে নেটওয়ার্কের একাধিক পিসিতে। এ ধরনের পরিস্থিতিতে এই ব্যবস্থা বেশ চমৎকার কাজ করে। আপনি একটি পিসি ব্যবহার করে সরাসরি অন্যান্য পিসি আপডেট করতে পারেন যতক্ষণ না তারা একই গোত্রভুক্ত হয়। আপনি Settings → Update & Security → Windows Update → Advanced Options Update → Choos-এ গিয়ে নির্বাচন করবেন কীভাবে আপনার পিসি আপডেট করা হবে। এ ছাড়া নিশ্চিত করতে হবে এটা লোকাল নেটওয়ার্ক পিসিতে যেন সেট করা হয়।


মনে রাখবেন, কিছু কিছু মানুষের জন্য উইন্ডোজ ১০-এ WUDO একটি বিতর্কিত বৈশিষ্ট্য। উইন্ডোজ ১০ Home ও Pro-এর ক্ষেত্রে বাইডিফল্ট ইন্টারনেট থেকে প্রাপ্ত উইন্ডোজ আপডেট অন্য পিসিতে পাঠানোর ব্যবস্থা থাকে। আপনি যদি সীমিত ব্যান্ডউইডথে অপারেট করে থাকেন, তাহলে ইন্টারনেট থেকে প্রাপ্ত আপডেট অন্য পিসির সাথে শেয়ার করতে চাইবেন না। কারণ, এতে নেটওয়ার্ক ব্যান্ডউইডথের ওপর অতিরিক্ত চাপ পড়বে।




ডোমেইন থেকে ইউজার নিজেকে ডিসকানেক্ট করছে




ডোমেইনে লগইন স্ক্রিন




উইন্ডোজ ১০-এ নেটওয়ার্কের মাধ্যমে ইন্টারনেট থেকে আপডেট করার ব্যবস্থা



নেটওয়ার্কের মাধ্যমে উইন্ডোজ আপডেট করার বিভিন্ন অপশন

### উইন্ডোজ আপডেট স্থগিত করা

আপনি যদি পিসিতে উইন্ডোজ ১০ Pro বা Enterprise রান করেন, তাহলে Windows Update settings-এ একটি অপশন পাবেন, যার মাধ্যমে উইন্ডোজের নতুন ফিচার ডাউনলোড ও শেয়ার করার প্রক্রিয়াটি কয়েক মাসের জন্য প্রলম্বিত করা যাবে। এটি এজন্য গুরুত্বপূর্ণ যে, নতুন বৈশিষ্ট্যগুলো অপারেটিং সিস্টেমকে প্রভাবিত করতে পারে। এ কারণে নতুন ফিচার বা বৈশিষ্ট্যগুলো সম্পর্কে ভালোমতো না জেনে-শুনে অনেকেই এগুলো ইনস্টল বা আপডেট করতে চাইবেন না। তবে এই ডাউনলোড নেটওয়ার্ক নিরাপত্তা আপডেটকে প্রভাবিত করে না এবং এটি আপডেট ডাউনলোডের কাজটি অনির্দিষ্টকালের জন্য স্থগিত রাখতে পারে না।

মনে রাখবেন, যখন Defer Windows Updates সক্রিয় করা হয়, এটি মাইক্রোসফট অফিস আপডেটকে প্রভাবিত করে। আপনি Settings → Update, and Security → Windows Update → Advanced Options দিয়ে DeferUpgrades সক্রিয় করতে পারেন কজ

ফিডব্যাক : **kazisham@yahoo.com**

# আইফি মোবি

(৫৯ পৃষ্ঠার পর)

ফটো অ্যালবামে ছবি যোগ করতে পারেন। অ্যালবাম সাজানোর সরঞ্জাম বা টুল সংক্ষিপ্ত পর্যায়ে এখানে রাখা হয়েছে। বর্তমানে ইমেজ রেকর্ড করার কোনো ব্যবস্থা রাখা হয়নি। তাই যে অনুক্রমে ছবি যোগ করা হয়েছে, সে বিষয়ে যত্নবান হতে হবে।

### মোবি কার্ডের কর্মদক্ষতা

মোবির একমাত্র আকর্ষণীয় বৈশিষ্ট্য হচ্ছে তার গতি। তবে আপনি ডি-এসএলআর ক্যামেরায় বার্স্ট (burst) মোড পছন্দ করলে মোবির ইমেজ রাইট করার গতিতে হতাশ হতে পারেন। দেখা যায় মোবি ২৬.৬ সেকেন্ড সময় নেয় একটি 11-shot Raw+JPG বার্স্ট রেকর্ড করার জন্য, ২২.৩ সেকেন্ড সময় নেয় 12-shot Raw বার্স্টের জন্য এবং ১৬ সেকেন্ড সময় নেয় একটি 13-shot JPG বার্স্ট রেকর্ড করার জন্য।



আইফি মোবি কার্ড সেটআপ প্রক্রিয়া

তা সত্ত্বেও আইফি মোবি পছন্দ করার অনেক কারণ রয়েছে। এটা একটা এসডি কার্ড, যা প্রায় প্রতিটি ক্যামেরায় ওয়াইফাই সুবিধা যোগ করতে যাচ্ছে। যদি আইফি মোবির ৮ গিগাবাইট মেমরি যথেষ্ট স্টোরেজ হিসেবে মনে না হয়, সেখানে আপনি ১৬ গিগবাইট ও ৩২ গিগবাইটের সংস্করণ ব্যবহার করতে পারবেন। এটা সেটআপ করা সহজ এবং এতে কনফিগার করার জন্য অপ্রয়োজনীয় অপশনের আধিক্য নেই। ফলে খুব সহজেই কনফিগারেশনের কাজটি সম্পন্ন করা যায়। আপনার শুধু কার্ডটি এবং একটি স্মার্টফোনের প্রয়োজন হবে। এজন্য আপনার কমপিউটারে কোনো কিছু ইনস্টল করার কোনো প্রয়োজন নেই।

### উপসংহার

যদি আপনি উচ্চ ফ্রেম রেটের ক্যামেরা নিয়ে কাজ করতে অভ্যস্ত হয়ে থাকেন, তাহলে মোবি আপনার জন্য খুব আকর্ষণীয় কিছু নয়। এটা বিশ্বের দ্রুততম মেমরি কার্ডও নয়। কিন্তু যদি আপনি সামাজিক নেটওয়ার্কে শেয়ার করা ফটোর মানের (যেগুলো ফোন ক্যামেরা দিয়ে তোলা) বিষয়ে সন্তুষ্ট না হোন এবং আপনি বিল্টইন ওয়াইফাই সম্পন্ন কোনো নতুন ক্যামেরা কিনতে না চান, এসব ক্ষেত্রে মোবি কার্ড আপনার জন্য একটি উত্তম পছন্দ হতে পারে। সর্বোপরি এটা সেটআপ করা সহজ এবং এটা বেশ সহজে ডিজিটাল ক্যামেরা থেকে ফটো আপনার ফোনে হস্তান্তর করতে পারে কজ

ফিডব্যাক : **kazisham@yahoo.com**